ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

**22 May 2025** **7:45 PM IST**

==========================================================================

১) নগাঁও এর হয়বরগাঁও সহ দেশের মোট ১০৩ টি রেল ষ্টেশনকে ভাচুয়েল ব্যবস্থার মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অমৃত ষ্টেশন হিসেবে উদ্বোধন ।

২) আসাম লোকসেবা আয়োগের পরীক্ষা সম্পর্কীত অনিয়মের মামলায় ১৩ জন নিলম্বিত গেজেটেড আধিকারিকের আবেদন সুপ্রীম কোর্টের খারিজ ।

৩) রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের অনলাইন বদলির ক্ষেত্রে নির্দেশনা জারি

৪) রাজ্যে গত কয়েকদিন থেকে ধারাবাহিক বৃষ্টিপাতের ফলে বিভিন্ন নদী উপনদীগুলির জলস্তর ক্রমশ বৃদ্ধি / গতকাল রাতের প্রবল বৃষ্টিপাতের ফলে শ্রীভূমি শহরের বিভিন্ন এলাকা কৃত্রিম বন্যায় জলমগ্ন ।

---

নগাঁও জেলার হয়বরগাঁও রেল ষ্টেশন সহ দেশের ১৮ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১০৩ টি অমৃত ষ্টেশন আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিকানের থেকে ভাচুয়েল ব্যবস্থার মাধ্যমে উদ্ভোধন করেন । এ উপলক্ষে হয়বরগাঁও অমৃত ষ্টেশনে উত্তর-পূর্ব সীমান্ত রেলোয়ের

আয়োজন করা অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । রাজ্যপাল তার ভাষনে বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের ১০৩ টি রেলষ্টেনকে অমৃত ভারত ষ্টেশন হিসেবে নতুন রুপে গড়ে তুলে ভারতীয় রেলের বিকাশে নতুন মাত্রা প্রদান করেন । অনুষ্ঠানে বৈদেশিক পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , মন্ত্রী কেশব মহন্ত , নাগাল্যান্ডের সাংসদ এস এস জমির , উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ের মুখ্য মহাপ্রবন্ধক চেতন কুমার শ্রীবাস্তব , প্রাক্তন রেল প্রতিমন্ত্রী রাজেন গোহাই সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন । অমৃত ভারত ষ্টেশন প্রকল্পের অধীনে ১৫ কোটি ৮৫ লক্ষ টাকা ব্যয়ে আধুনিকীকরণ করা প্রায় ১৩৮ বছর পুরোনো হয়বরগাও  ষ্টেশন এখন থেকে যাত্রীদের সেবার জন্য উৎকৃষ্ট স্থানে পরিগণিত হবে বলে আশা করা হচ্ছে ।

উল্লেখ্য অমৃত ষ্টেশনগুলিতে উভয় দিক থেকে যাত্রী প্রবেশের সুবিধা , যাত্রীর জন্য পদসেতু , দিব্যাংগদের জন্য উপযুক্ত সুযোগ সুবিধা , বিনামূল্যে ওয়াইফাইএর সুবিধা সহ ষ্টেশনগুলিতে শপিং মল ও ইন্টারনেট কেফের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া নতুন করে নির্মাণ করা ষ্টেশনগুলিতে স্থানীয় সংস্কৃতিকে তুলে ধরার জন্য বিভিন্ন প্রতিকৃতি ও আলোকচিত্রের ব্যবস্থা করা হয়েছে ।

---

সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের শূন্য সহনশীলতার বার্তা ও পাকিস্তানের সহায়তায় সন্ত্রাসবাদের স্বরুপ তুলে ধরার উদ্দেশ্যে ভারত বিশ্বব্যাপী অভিযান আরম্ভ করেছে । এই অভিযানের অধীনে আজ ডি

এম কের সাংসদ কানিমাঝি করুণানিধির নেতৃত্বে তৃতীয় প্রতিনিধি দল ৯ টি দেশের উদ্দেশ্যে রোয়ানা হয়েছে । এই দলটি স্পেন , গ্রীস , শ্লভেনিয়া ,লাটভিয়া ও রাশিয়া সফর করবে । এর আগে গতকাল দুটি সর্বদলীয় প্রতিনিধি দল ইন্দিনেশিয়া , মালোয়েশিয়া , দক্ষিণ কোরিয়া , জাপান ও সিংগাপুরের উদ্দেশ্যে যাত্রা করেছে ।

প্রতিনিধি দলগুলি সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের শূন্য সহনশীলতার বার্তা সমগ্র বিশ্বের দেশগুলির কাছে পর্যায়ক্রমে পৌছে দেবে ।

---

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিনগুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে জনসাধারণকে পরিচয় করিয়ে দিতে আকাশবানীর সংবাদ বিভাগ বেশ কিছু অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করেছে । এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্র থেকেও বরাক উপত্যকার প্রাক্তন সৈনিক , তাদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত প্রচারের প্রয়াস করা হচ্ছে । আজ এই অনুষ্ঠানে অপারেশন সিন্দুর নিয়ে কাটলিছরা এস কে রায় মহাবিদ্যালয়ের ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান ডঃ দেবজিত দে আমাদের হাইকাকান্দি সংবাদদাতাকে জানান--- বাইট

---

আসাম লোকসেবা আয়োগের পরীক্ষা সম্পর্কিত অনিয়মের মামলায় আজ উচ্চতম ন্যায়লয় ১৩ জন নিলম্বিত গেজেটেড আধিকারিকের একটি আবেদন খারিজ করেছে । পরীক্ষায় অনিয়ম সম্পর্কে বিশেষ তদন্তকারী গোষ্ঠীর অনুসন্ধান প্রক্রিয়া ও দাখিল করা পরিপূরক অভিযোগনামাকে প্রতাহ্বান জানিয়ে এই আধিকারিকরা উচ্চতম

ন্যায়লয়ে আবেদন দাখিল করেছিলেন । সবোচ্চ ন্যায়লয়ের বিচারপতি এম এম সুন্দরেশ ও রাজেশ বিন্দালের বিচারপীঠ অভিযুক্ত আধিকারিকদের আবেদন খারিজ করে । এর পরিপ্রেক্ষিতে আধিকারিকরা বিচার প্রক্রিয়ার সম্মুখীন হোয়া নিশ্চিত হয়েছে । উল্লেখ্য আসাম লোকসেবা আয়োগের পরীক্ষায় এই ১৩ জন অভিযুক্ত আধিকারিক নম্বর তালিকা পুনরীক্ষণ নথিতে অধিক নম্বর যোগ করেছিলেন বলে তদন্তে প্রকাশ পেয়েছিল ।

---

রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষাবিভাগ প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের অনলাইন বদলির ক্ষেত্রে নীতি নির্দেশনা জারি করেছে । সেই অনুযায়ি ২০২৪ সালে বিশেষ নিযুক্তি প্রক্রিয়ার অধীনে স্থায়ীভাবে নিযুক্তি লাভকরা শিক্ষকদের একক আন্তঃজেলা বদলির ক্ষেত্রে তাদের পূর্বের চাকুরির সময়সীমা বিবেচনা করা হবে । কর্মরত শিক্ষকদের ঠিকাভিত্তিক শিক্ষক হিসেবে সংশ্লিষ্ট জেলায় একসঙ্গে ১০ বছর চাকুরীর সময় সম্পূর্ণ করতে হবে । পারস্পরিক সমঝোতার ভিত্তিতে এই বদলির জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়ের পদ এবং মাধ্যম এক হতে হবে ।

---

রাজ্যে বিগত কয়েকদিন ধরে ধারাবাহিক বৃষ্টিপাতের ফলে বিভিন্ন নদী উপনদীগুলোর জলস্তর ক্রমশ বৃদ্ধি পাচ্ছে ।আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের পূর্বাভাষ অনুযায়ি রাজ্যের বিভিন্ন অঞ্চলে বৃষ্টিপাত অব্যাহত থাকবে ।আগামী তিন চারদিনের মধ্যে উত্তরপূর্বাঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী

বায়ু প্রবেশ করবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে ।রাজ্য সরকার বর্ষার আগমনের প্রতি লক্ষ্য রেখে বন্যার আগাম প্রস্তুতির অংশ হিসেবে ৩৫ টি জেলা ৩৯ টি সমজেলার জন্য ১০০ কোটি মঞ্জুর করেছে ।

---

শ্রীভূমি শহর গতকাল রাতের প্রবল বর্ষনের ফলে জলমগ্ন হয়ে পড়েছে । শহরের প্রতিটি অলি-গলিতে জল জমে রয়েছে । শহরের রমনী রোড, বিপিন পাল রোড , নীলমনি রোড , সুভাষ নগর , রায় নগর , মিশন রোড সহ বিভিন্ন এলাকায় কৃত্রিম বন্যা দেখা দিয়েছে । এদিকে প্রবল বর্ষনের ফলে চরবাজার এলাকার চরাকুড়ি স্লুইচ গেটের দু পাশে ফাটল দেখা দিয়েছে । বিজেপির প্রাক্তন জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য্য আজ বিভাগীয় আধিকারীকদের নিয়ে ঘটনা স্থল পরিদর্শন করেছেন । জেলার সহকারী আয়ুক্ত প্রিয়াঙ্কা ইয়ামনাম ঘটনাস্থল পরিদর্শন করে আমাদের সংবাদদাতাকে জানান ---- বাইট

---

হাইলাকান্দির জেলা ও দায়রা জজ হত্যার দায়ে এক বৃদ্ধকে যাবজ্জীবন কারাদন্ডের শাস্তি প্রদান করা হয়েছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে ২০১৪ সালে আলগাপুর থানার অর্ন্তগত মোহনপুর গ্রামে মণির উদ্দিন শেখ নামের ৬২ বছরের এক বৃদ্ধ এলাকার ব্যবসায়ী রহমত আলীকে প্রকাশ্য দিনের আলোয় হত্যা করেছিল । পুরনো শত্রুতার জেরে এই হত্যাকান্ড বলে জানা গেছে । এই মামলায় আদালত ১১ জন ব্যাক্তির সাক্ষী গ্রহন করে আজ চূড়ান্ত রায় দান করে ।

---

জাতীয় খাদ্য সুরক্ষা আইনের অধীনে সব হিতাধিকারীকে কেন্দ্রীয় সরকারের সম্প্রতি গ্রহণ করা সিদ্ধান্ত অনুযায়ী তিন মাসের চাল একসংগে প্রদানের ব্যবস্থা করেছে । জুন মাসে অন্ন সেবা দিনে প্রতিটি পরিবারের রেশন কার্ডধারীকে জুন জলাই ও আগষ্ট মাসের খাদ্য সুরক্ষার চাল একসংগে সংগ্রহ করতে আহ্বান জানানো হয়েছে ।

---

আজ আন্তর্জাতিক জৈব বৈচিত্র্য দিবস ।জৈব বৈচিত্র্যের সংরক্ষণ এবং এই ক্ষেত্রে জনসাধারণকে সচেতন করার উদ্দেশ্যে প্রতিবছর আজকের দিনটি সমগ্র বিশ্বে জৈব বৈচিত্র্য দিবস হিসেবে পালন করা হয় ।আসাম জৈব বৈচিত্র্যে সমৃদ্ধ রাজ্য । রাজ্য সরকারও জৈববৈচিত্র্যের সুরক্ষা এবং সংবর্ধনের ক্ষেত্রে গুরুত্ব আরোপ করছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই দিবস উপলক্ষে জৈব বৈচিত্র্যের সংরক্ষণের ক্ষেত্রে কাজ করে যাওয়া ব্যক্তি তথা প্রতিষ্ঠানগুলোর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।

---

তাইওয়ানের তাইপেই শহরে অনুষ্ঠিত বিশ্ব মাষ্টার্স গেমসের ডিসকাস থ্র প্রতিযোগিতায় আসামের কোকরাঝারের নীলা বসুমাতারী সোণার পদক অর্জন করে দেশকে গৌরবান্বিত করেছে ।এর পূর্বে নীলা এই আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় শ্বটপুটে ব্রোঞ্জ পদক লাভ করেছিল

।প্রতিযোগিতার ত্রিপল জাম্পে তিনশুকিয়ার গীতাঞ্জলি বরা রূপোর পদক লাভ করেছে ।